কুষ্টিয়ায় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায়

কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেছেন, নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণে ক্রেতা, বিক্রেতা ও উৎপাদনকারীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।

সোমবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের পাশাপাশি ক্রেতা, বিক্রেতা ও উৎপাদনকারীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।

তিনি জেলা পর্যায়ের সকল দপ্তরের সমন্বয়ের মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে ভূমিকা রাখার আহ্বান জানান। এছাড়া নিরাপদ খাদ্য বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের দিক-নির্দেশনা প্রদান করা করেন জেলা প্রশাসক।

উক্ত সভায় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, জেলা নিরাপদ খাদ্য অফিসার সজিব পাল, স্যানেটারী ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সিনিয়র সহসভাপতি মোকাররম হোসেন মোয়াজ্জেম, খেয়া রেস্তোরাঁর জেনারেল ম্যানেজার সাইদুল বারী টুটুলসহ জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা কমিটির বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি, খাদ্য সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান প্রধান উপস্থিত ছিলেন।

উক্ত সভা সঞ্চালনার দায়িত্বে ছিলেন কুষ্টিয়া জেলার নিরাপদ খাদ্য অফিসার ও জেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সদস্য সচিব।

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার অবহতিকরণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে এসডিজি-৪ এর ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা এবং শিক্ষা খাতের পরিকল্পনার সাথে সংযুক্ত বিষয়ক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা পরিষদ কনফারেসন্স হলরুমে এই সভা অনুষ্ঠিত হয়েছে।

জেলা লোকমোর্চা ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মো: নাজমুল হুদা।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর পিটিআই এর সুপারিনটেনডেন্ট মুন্সি শহিদুল ইসলাম, মেহেরপুর জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন। এই কর্মসূচীর উদ্দেশ্য বর্ণনা করে বক্তব্য রাখেন গণস্বাক্ষরতা অভিযানের উপ-কার্যক্রম ব্যবস্থাপক আব্দুর রউফ।

বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা ও আগামীর দিনের পরিকল্পনা তুলে ধরে বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান বক্তা আন্তর্জাতিক সংস্থা ইউনেস্কো’র প্রতিনিধি জিয়াউস সবুর।

এসময় মুক্ত আলোচনায় অংশ নিয়ে শিক্ষা কার্যক্রমের উপর মতামত তুলে ধরেন মেহেরপুর সদর উপজেলা যুব উন্নয়ন অফিসার বিপ্লব কুমার কুন্ড, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, আর আর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলী আশরাফ, আশরাফপুর দাখিল মাদ্রাসার অধ্যক্ষ ইসমাইল হোসেন প্রমুখ।

গণস্বাক্ষরতা অভিযানের সহযোগীতায় স্থানীয় সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র মউক এই অবহিতকরণ সভার আয়োজন করে।

মউকের প্রকল্প পরিচালক সাদ আহমেদের সঞ্চালনায় অবহিতরকণ সভায়

স্বাগত বক্তব্য রাখেন মানব উন্নয়ন কেন্দ্র মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

মটমুড়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সমন্বয় সভা

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে মটমুড়া ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম এর সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে’।

মটমুড়া ইউনিয়ন পরিষদ হলরুমে ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম ও ইউনিয়ন পরিষদের উদ্যোগে সমন্বয় সভা শুরু হয়। সভা শুরুতে ইউনিয়নের গ্রাম উন্নয়ন দলের সদস্যগন তাদের গ্রাম পর্যায়ে নানামুখী সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমের চিত্র উপস্থাপন করেন। কাজ করতে গিয়ে যে সকল চ্যালেঞ্জের মুখোমুখি হন তা ইউ,পি চেয়ারম্যানের কাছে উপস্থাপন করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহমেদ বলেন, গ্রাম উন্নয়ন দলের সদস্যগন নিয়মিত তাদের গ্রামের সামাজিক সমস্যা সমাধানে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করে চলেছেন।

যারা এই মহৎ কাজের সাথে জড়িত তাদের আমি অভিনন্দন জানাই। গ্রামের যে কোন সমস্যা সমাধানে গ্রাম উন্নয়ন দলের সদস্যগনকে এই ইউনিয়নের পক্ষ থেকে সহযোগিতার প্রত্যাশাও ব্যক্ত করেন।

মটমুড়া ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম এর সভাপতি হাসান আলীর সভাপতিত্ব অনুষ্ঠিতসমন্বয় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন ‘দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী উপজেলার সমন্বয়কারী হেলাল উদ্দিন, চরগোয়ালগ্রাম গ্রাম উন্নয়ন দলের সভাপতি ও বিশিষ্ট সমাজসেবক আসাদুজ্জামান বানাত ও বাওট বাধাগ্রস্ত শিশু বিদ্যালয় এর প্রধান শিক্ষক ইনামুল হক।

এসময় সকল ইউ,পি সদস্য সহ, ইউনিয়নের বিভিন্ন গ্রাম উন্নয়ন দলের

সভাপতি, সেক্রেটারি ও সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। কারিগরি সহযোগিতা প্রদান করেন ইউনিয়ন সমন্বয়কারী সাধন কুমার।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

“শোক থেকে শক্তির অভ্যুদয়, স্বপ্ন পূরণের দৃঢ় প্রত্যায়” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

শনিবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মৃধা মোঃ মোজাহিদুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম.এ খালেক।

এছাড়াও মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান বক্তব্য রাখেন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন,বিজ্ঞ পি.পি পল্লব ভট্টাচার্য,গাংনী পৌর মেয়র আহাম্মদ আলী,জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল প্রমূখ।

এসময় সাংস্কৃতিক অনুষ্ঠানে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীবৃন্দ সঙ্গীত, কবিতা, আবৃত্তি পরিবেশন করে অতিথি ও দর্শকদের মন জয় করে।

গাংনীতে অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভা

ছাত্র ছাত্রীদের স্কুল থেকে ঝরে পড়া রোধ ও শিক্ষার মান উন্নয়নে গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ে অভিভাবক, শিক্ষক, স্কুল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার স্কুল মিলনায়তন রুমে দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয় এই সমন্বয় সভার আয়োজন করেন।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিক মোঃ মোমিনুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ মনিরুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কন্যাশিশু এ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ সিরাজুল ইসলাম, গাংনী পৌরসভার প্যানেল মেয়র কাউন্সিলর সামিউল ইসলাম, দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর গাংনী এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিন।

এছাড়া উপস্থিত ছিলেন, অভিভাবক, শিক্ষকবৃন্দ। স্কুল ব্যবস্থাপনা কমিটির সমন্বয় সভার বিস্তারিত আলোচনা ও শিক্ষার মান উন্নয়ন তুলে ধরে আলোচনা করেন অতিথি বৃন্দ।

অনিয়মিত শিক্ষার্থীদের নিয়মিত বিদ্যালয়মুখী করা ও শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে অভিভাবকদের সচেতনতা বৃদ্ধি, দ্বিমাসিক ভিত্তিতে অভিভাবক সমাবেশে শিক্ষার্থীদের ভাল ফলাফল করানো,দূর্বল শিক্ষার্থীদের বাড়তি নজর দেওয়া,সহ নানা সিদ্ধান্ত গৃহীত হয় অভিভাবক সমাবেশে।

আবার দেশি-বিদেশি অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে – মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট ৭১ এর পরাজিত অপশক্তিরা বঙ্গবন্ধুকে স্বপরিবারে হত্যা করেছিল। ২০০৪ সালের ২১ আগষ্ট জাতী হারাতে বসেছিল জাতির আরেক বীর সন্তান বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনাকে। সেই পরাজিত শক্তি শেখ হাসিনাকে হত্যা করে এদেশের উন্নয়ন, অগ্রযাত্রা এবং বাংলাদেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব হত্যা করতে চেয়েছিল।

রবিবার (২১ আগস্ট) বিকেলে গাংনী উপজেলার বামন্দী হাইস্কুল মাঠে গ্রেনেড হামলা দিবস উপলক্ষে আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

আবার দেশি-বিদেশি অপশক্তি মাথাচাড়া দিয়ে উঠেছে বলে মন্তব্য করে সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেন, ২০০৪ সালের ২১ আগষ্ট ভয়াল গ্রেনেড হামলায় শেখ হাসিনা প্রাণে বেঁচে গেলেও আইভি রহমানসহ দলের ২৪ জন নেতাকর্মী প্রাণ হারিয়েছেন। এখনও ৪০০ শতাধিক নেতাকর্মী পঙ্গু হয়ে এখনো দু:সহ জীবন যাপন করছেন।

সেই লেলিহান শিখা এখনো বাংলার ঘরে ঘরে দাউ দাউ করে জ্বলছে। ঠিক সেই সময় স্বাধীনতা বিরোধী অপশক্তি ঘাতক চক্র ষড়যন্ত্র করছে। আবারো গ্রাম গঞ্জের প্রতিটি রাস্তা-ঘাট রক্তাক্ত করার পায়তারা করছে তারা। তারা ঘোনায় ঘোনায় মিটিং করছে, আস্ফালন দেখিয়ে হুংকার দিচ্ছেন। তাই আওয়ামীলীগের নেতা কর্মীদের আর বসে থাকার সময় নেই। দ্বিধা দ্বদন্দ্ব ভুলে সবাইকে একত্রি হয়ে তাদের আস্ফালন থামিয়ে দিতে হবে।আওয়ামীলীগের নেতা কর্মীরা এক হলে তারা বাংলাদেশেরেএক ইঞ্চি মাটিও দখল নিতে পারবেনা।

তিনি বলেন, আগামী নির্বাচনে আওয়ামীলীগের নেতৃত্বে এই দেশ আবার সরকার গঠণ হবে। শেখ হাসিনাই দেশের প্রধান মন্ত্রী হবেন। শেখ হাসিনার নেতৃত্বেই দেশকে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।

বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগ আয়োজিত এই জন সভায় সভাপতিত্বে করেন

বামন্দী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও সাবেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস।

বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন চেয়ারম্যান ওবায়দুর রহমান কমলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাষ্টার, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতুসহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

পরে গ্রেনেড হামলার তীব্র নিন্দা জানিয়ে একটি বিরাট বিক্ষোভ মিছিল বামন্দী শহরের বিভিন্ন পথ ঘুরে একই স্থানে এসে শেষ হয়।

বঙ্গবন্ধুকে শ্রদ্ধা জানাতে হলে তাঁর আদর্শকে লালন করতে হবে

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে কুষ্টিয়া সদর উপজেলা তাঁতীলীগের আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকেলে কুষ্টিয়া শহরের উপজেলা মোড়ে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন কুষ্টিয়া-৪ (কুমারখালি-খোকসা) আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ।

এসময় তিনি তাঁর বক্তব্যের শুরুতে বাংলাদেশের স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট নিহত তাঁর পরিবারের সকল সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন।

তিনি বলেন, বাঙ্গালী জাতির প্রতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছিল অকৃত্তিম ভালোবাসা ও বিশ্বাস। কিন্তু

বাঙ্গালী সেই বিশ্বাস ও ভালোবাসার মর্যাদা রক্ষা করতে পারে নি। ১৯৭৫ এর ১৫ আগষ্ট এর পর থেকে বঙ্গবন্ধুকে নানাভাবে খাটো করার চেষ্টা করা হয়েছে, কিন্তু বঙ্গবন্ধুর তুলনা বঙ্গবন্ধুই। তাঁর মর্যাদাকে কেউ খাটো করতে পারবে না।

আলোচনা সভায় প্রধান বক্তার বক্তব্যে কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা বলেন, বঙ্গবন্ধুকে শ্রদ্ধা জানাতে হলে তাঁর আদর্শকে লালন করতে হবে, তাঁর চারিত্রিক গুনাবলীকে ধারন ও অনুস্মরণ করতে হবে; বঙ্গবন্ধুকে শুধু আলোচনায় সীমাবদ্ধ রাখলে চলবে না।

তিনি বঙ্গবন্ধুর আদর্শকে স্মরণ করে, তাঁর চারিত্রিক গুণাবলী, দর্শন,ও কার্যক্রমকে অনুকরণ করে দুর্নীতির বিরুদ্ধে সর্বাত্নক সংগ্রাম চালিয়ে যাওয়ার জন্য সকলের প্রতি অনুরোধ জানান।

কুষ্টিয়া জেলা তাঁতীলীগের সভাপতি রুহুল আমিনের সভাপতিত্বে এবং জেলা স্বেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সম্পাদক সেলিম রেজার পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, কুষ্টিয়া জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শেখ হাসান মেহেদী, কুষ্টিয়া সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রেজাউল হক, শহর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক ও কাউন্সিলর মীর রেজাউল হক বাবু, জেলা তাঁতীলীগের সাবেক আহবায়ক নজরুল ইসলাম বাবু প্রমুখ।

আলোচনা সভা শেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারসহ ১৯৭৫ সালের ১৫ই আগস্ট নিহত সকল শহীদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে ও বঙ্গবন্ধুর পরিবারের জীবিত সদস্যদের দীর্ঘায়ু কামনা করে এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার লক্ষ্যে দেশের অব্যাহত উন্নয়ন অগ্রযাত্রা কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন কুষ্টিয়া জেলা তাঁতীলীগের সাধারণ সম্পাদক হারুন অর রশীদ।

ইবি বঙ্গবন্ধু পরিষদের আলোচনা

সভা ও পুরস্কার বিতরণ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু পরিষদের উদ্যোগে আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভা শেষে জাতীয় শোকদিবস উপলক্ষে ইসলামী বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদ আয়োজিত কুইজ, উপস্থিত বক্তৃতাসহ বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

ইসলামী বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদের সভাপতি (ভার:) প্রফেসর ড. মোঃ জাহাঙ্গীর হোসেনের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ মাহবুবুল আরফিনের পরিচালনায় সভায় আলোচক হিসেবে আলোচনা করেন কেন্দ্রীয় বঙ্গবন্ধু পরিষদের আইন বিষয়ক সম্পাদক প্রফেসর ড. শাহজাহান মন্ডল।

সভায় স্বাগত বক্তব্য রাখেন ইবি বঙ্গবন্ধু পরিষদের জাতীয় শোকদিবস ও গ্রেনেড হামলা দিবস ২০২২ উদ্যাপন কমিটির আহবায়ক প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন।

সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন রেজিস্ট্রার (ভার:) এইচ. এম. আলী হাসান, ইবি বঙ্গবন্ধু পরিষদের জাতীয় শোকদিবস ও গ্রেনেড হামলা দিবস ২০২২ উদ্যাপন কমিটির সদস্য-সচিব আলমগীর হোসেন খান, বাংলাদেশ ছাত্রলীগ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ফয়সাল সিদ্দিকী আরাফাত ও সাধারণ সম্পাদক নাসিম আহমেদ জয়।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম বলেছেন, বঙ্গবন্ধু আমাদের স্বাধীনতা এনে দিয়েছেন, দিয়েছেন লাল-সবুজের পতাকা। যিনি সারা পৃথিবীতে সমাদৃত এমন একজন মানুষকে তাঁর কাছের মানুষদের হাতে স্বপরিবারে জীবন দিতে হলো। এধনের জঘন্যতম ঘটনা বিশ্বের বুকে দ্বিতীয়টি আর ঘটেনি।

তিনি আরো বলেন, বঙ্গবন্ধু হত্যার মাত্র ১২জন আসামীর ফাঁসির মধ্যদিয়ে এ পাপ থেকে মুক্তি পাওয়া যাবে না। কমিশন গঠনের মাধ্যমে এ হত্যাকান্ডের নেপথ্যে যারা ছিল তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় এনে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে হবে এটা আজ আমাদের সবার প্রাণের দাবি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোকদিবস উপলক্ষে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে ইসলামী বিশবিদ্যালয় বঙ্গবন্ধু পরিষদ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় ভাইস চ্যান্সেলর ড. শেখ আবদুস সালাম এসব কথা বলেন।

সভায় প্রধান আলোচকের আলোচনায় কেন্দ্রীয় বঙ্গবন্ধু পরিষদের যুগ্ম-সাধারণ সম্পাদক মতিউর রহমান লাল্টু বলেন, ১৯৭৫ থেকে ৯৬ সাল পর্যন্ত চরমভাবে এদেশের ইতিহাস বিকৃত করা হয়েছে। তাই বিশেষ করে নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা বই দু’টি পড়ার প্রতি উৎসাহিত করতে হবে।

তিনি বলেন, বঙ্গবন্ধু পরিষদ অনেক ত্যাগ, তিতিক্ষার সংগঠন। অনেক সুবিধাবাদিরা এসংগঠনে প্রবেশ করে সুবিধা নেয়ার চেষ্টা করবে। তিনি বলেন, এ সংগঠন এবং সংগঠনের নেতা-কর্মীদের অনেক ইতিহাস আছে। সুবিধাবাদিরা যেন প্রবেশ করতে না পারে সেদিকে আপনারা লক্ষ্য রাখবেন।

দর্শনা পৌরসভায় শোক দিবস উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনায় জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে এ প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র মেয়র মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, কেরু চিনিকলের মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দীন, দর্শনা ডিএস ফাজিল মাদ্রাসারার অধ্যক্ষ শফি উদ্দীন, দর্শনা প্রবীণ

কমিটির সভাপতি হাজি আকমত আলী, দর্শনা সরকারি কলেজের সহকারি অধ্যাপক নাজিম উদ্দীন।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত আলোচনা করেন, বীর মুক্তিযোদ্ধা হাজী এরশাদ আলী মাষ্টার, আব্দুস সবুর, পৌরসভার সহকারী প্রকৌশলী সাজেদুল আলম, আ.লীগ নেতা আতিয়ার রহমান হাবু, জয়নাল আবেদীন নফর, আব্দুল হাকিম, আ.গফুর, কামাল উদ্দিন আহাম্মেদ সান্টু, আ. জলিল, জাহিদুল ইসলাম, ফয়সাল, শিক্ষক হারুন অর রশিদ, আব্দুর রহিম, নাসির উদ্দীন মাষ্টার প্রমূখ।

ঝিনাইদহে রেড ক্রিসেন্ট সোসাইটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে রেড ক্রিসেন্ট সোসাইটির মতবিনিময় সভা অনুষ্ঠিত। রবিবার সকালে রেড ক্রিসেন্ট সোসাইটির ঝিনাইদহ কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) এটিএম আব্দুল ওয়াহহাব।

বিশেষ অতিথি ছিলেন, মোঃ নুর উর রহমান, ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি (সাবেক সচিব) রেড ক্রিসেন্ট সোসাইটির ঝিনাইদহ জেলা ইউনিটের ভাইস চেয়ারম্যান মাহমুদুল ইসলাম ফোটন, সেক্রেটারি জেএম রাশীদুল আলম রশীদসহ, নির্বাহী সদস্য শফিকুল ইসলাম শিমুল, সহ ইউনিটের সদস্যবৃন্দ।